

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৬৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. দ্বিতীয় অনুচ্ছেদ - কুরবানী

### আরবী

وَعَنْ عَلِيِّ قَالَ: أَمَرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ نَسْتَشْرِفَ الْعَيْنَ وَالْأُذُنَ وَأَلَّا نُضَحِّيَ بِمُقَابَلَةٍ وَلَا مُدَابَرَةٍ وَلَا شَرْقَاءَ وَلَا خَرْقَاءَ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدَ وَالنَّسَائِيُّ وَالدارمي وانتهت رِوَايَته إِلَى قَوْله: وَالْأُذن

#### বাংলা

১৪৬৩-[১১] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরবানীর (জানোয়ারের) চোখ, নাক ভালভাবে দেখে নেয়ার জন্য আমাদেরকে নির্দেশ দিয়েছেন। যে পশুর কানের সম্মুখ ভাগ শেষের ভাগ কাটা গেছে। অথবা যে পশুর কান গোলাকারভাবে ছিদ্রিত হয়ে গেছে বা যার কান পাশের দিকে থেকে কেটে গিয়েছে সেসব পশু যেন কুরবানী না করি। (তিরমিযী, আবূ দাউদ, নাসায়ী; তবে দারিমী وَالْأَذُنَ 'কান'' পর্যন্ত বর্ণনা করেছেন।)[1]

## ফুটনোট

[1] য'ঈফ তবে الْغَيْنَ وَالْأَذُنَ আংশটুকু ব্যতীত, কেননা তা সহীহ সূত্রে প্রমাণিত। আবূ দাউদ ২৮০৪, আত্ তিরমিয়ী ১৪৯৮, নাসায়ী ৪৩৭২, ইবনু মাজাহ্ ৩১৪৩, য'ঈফ আল জামি' ৬৩৫৩, সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯১০২।

#### ব্যাখ্যা

व्याच्या: (شَرْقَاءَ) বলতে যার কান লম্বাভাবে কাটা, (خَرْقَاءَ) বলতে যার কান গোলাকারভাবে কাটা। হাদীস প্রমাণ করে যে, এমন পশু কুরবানী নিষেধ যার কান সামনের দিক হতে পেছন দিক হতে লম্বাভাবে গোলাকারভাবে কাটা। জমহূর 'উলামারা মাকরূহ তথা ঘৃণিত বলে মন্তব্য করেছেন। আবার কেউ কেউ এমন পশু দ্বারা কুরবানী বৈধ বলেছেন। তবে গ্রহণযোগ্য মত হল বৈধ হবে না।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন